# HOUSED IN CAMBRIDGE

*information to open doors*

## প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## **Cambridge-**এ আবাসন সম্পর্কে

## আমি কোথায় এ সম্পর্কে সাহায্য পেতে পারি:

## আবাসন সহায়তা পৃষ্ঠা 3

**Multi-Service Center (**বহু-সেবা কেন্দ্র- **MSC)**

**Housing Liaison (**আবাসন যোগাযোগ**)** অফিস

**Cambridge Economic Opportunity Committee (**অর্থনৈতিক সুযোগ কমিটি- **CEOC)**

**Just-A-Start (**জাস্ট-এ-স্টার্ট**)**

**Cambridge Public Library (Cambridge** গণ গ্রন্থাগার**)**

সম্প্রদায় শিক্ষা কেন্দ্র **(CLC)**

## আর্থিক সহায়তা পৃষ্ঠা 9

**Fuel Assistance (**জ্বালানী সহায়তা**)**

**Cambridge** শক্তি জোট **(CEA)**

## সাশ্রয়ী মূল্যের আবাসন পৃষ্ঠা 11

**Cambridge** সমন্বিত অ্যাক্সেস নেটওয়ার্ক **(C-CAN)**

**Cambridge** আবাসন কতৃপক্ষ **(CHA)**

সম্প্রদায় উন্নয়ন অধিদপ্তর **(CDD)**

## আবাসন আইন পৃষ্ঠা 14

আবাসন বৈষম্য যাচাই কর্মসূচী **(HDTP)**

**Cambridge** এবং **Somerville** আইনি পরিষেবা **(CASLS)**

**Cambridge** মানবাধিকার কমিশন **(CHRC)**

ম্যাসাচুসেটস অ্যাটর্নি জেনারেল অফিস **(AGO)**

ন্যায়বিচার ও নিরাময়ের জন্য **De Novo Center**

## আবাসন নিরাপত্তা পৃষ্ঠা 18

**Homeowner's Rehab Inc. (HIP)**

## ওকালতি পৃষ্ঠা 20

প্রতিবন্ধীদের জন্য **Cambridge** কমিশন

অভিবাসী অধিকার ও নাগরিকত্ব কমিশন **(CIRC)**

**Cambridge** ভাড়াটিয়াদের জন্য জোট **(ACT)**

**Find It Cambridge**

# আবাসন সহায়তা

## Multi-Service Center (বহু-সেবা  কেন্দ্র- MSC)

### একাধিক সেবা কেন্দ্র কি?

বহু-সেবা কেন্দ্র (MSC) Cambridge এর 362 গ্রিন স্ট্রিটের প্রথম তলায় অবস্থিত। আমরা Cambridge এ, অসহায় ব্যক্তি ও পরিবারকে এবং উচ্ছেদের সম্মুখীন হওয়া লোকদের সাহায্য করি। আমরা Cambridge-এর বাসিন্দাদের পরিষেবা প্রদান করি। আমরা এমন ব্যক্তিদের জন্য সাহায্য সমন্বয় করি যারা:

- রাস্তায় বাস করছে
- জরুরি আশ্রয়স্থলে আছে
- তাদের বাসস্থান হারানোর ঝুঁকিতে আছে

### বহু-সেবা কেন্দ্রের কর্মীদের কাছ থেকে আমি কিভাবে সাহায্য পেতে পারি?

আমাদের কল করতে এবং অ্যাপয়েন্টমেন্ট নিতে 617-349-6340-এ কল করুন। আপনি কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়াও আসতে পারেন।

Multi-Service Center (বহু-সেবা কেন্দ্র) 362 Green (গ্রীন) স্ট্রিটে অবস্থিত।

- সোমবার সকাল 9:00- সন্ধ্যা 7:30 পর্যন্ত
- মঙ্গলবার সকাল 9:00-বিকাল 4:30 পর্যন্ত
- বুধবার সকাল 9:00- বিকাল 4:30 পর্যন্ত
- বৃহস্পতিবার সকাল 9:00-বিকাল 4:30 পর্যন্ত
- শুক্রবার সকাল 9:00-সকাল 11:30 পর্যন্ত

## বহু-সেবা কেন্দ্রে কোন পরিষেবাগুলি আছে এবং এগুলো কী করে?

### MSC মামলা তদারকি

মামলা ব্যবস্থাপকেরা এমন ব্যক্তি এবং পরিবারকে সহায়তা করে যাদের আবাসন নিয়ে সমস্যা রয়েছে। মামলা ম্যানেজাররা আশ্রয়কেন্দ্র, খাদ্য মজুদঘর, চাকরির প্রশিক্ষণ কর্মসূচি এবং আর্থিক সহায়তা কর্মসূচিতে রেফারেল করতে পারেন। আমরা উচ্ছেদ প্রতিরোধ এবং স্থানান্তরের খরচ সহ আবাসন সম্পর্কিত ব্যয়গুলিতেও সহায়তা করি।

### আবাসন অনুসন্ধান মামলা ম্যানেজার

Cambridge এর বাসিন্দাদের আবাসন অনুসন্ধান এবং খুঁজে পেতে সহায়তা করে। আমরা প্রতি বুধবার সকাল 10:00- সকাল 11:30 পর্যন্ত একটি আবাসন অনুসন্ধান কর্মশালার আয়োজন করি।

### Cambridge হাইতিয়ান সেবাসমূহ

হাইতিয়ান দ্বারা হাইতিয়ানদের সেবা করার উপর জোর দেওয়ার মাধ্যমে Cambridge এ বসবাসকারী হাইতিয়ান সম্প্রদায়ের সমাজসেবার চাহিদাগুলি আহবান করে।

### Cambridge এবং Somerville আইনি পরিষেবা (CASLS)

Cambridge-এ নিম্ন আয়ের পরিবার এবং ব্যক্তিদের জন্য বিনামূল্যে আইনি পরামর্শ প্রদান করে। MSC-তে CASLS অ্যাপয়েন্টমেন্ট পেতে গ্রাহকদের অবশ্যই MSC মামলা ম্যানেজারের সাথে কাজ করতে হবে।

### De Novo এর সাথে আইনি সহায়তা

নিম্ন আয়ের ভাড়াটেদের আইনি সহায়তা প্রদান করে। MSC-তে De Novo অ্যাপয়েন্টমেন্ট পেতে গ্রাহকদের অবশ্যই MSC মামলা ম্যানেজারের সাথে কাজ করতে হবে।

### Housing Liaison (আবাসন যোগাযোগ) অফিস থেকে সহায়তা

পরবর্তী পৃষ্ঠায় Housing Liaison -এর অফিস দেখুন।

### Cambridge সমন্বিত অ্যাক্সেস নেটওয়ার্ক (C-CAN)

সাশ্রয়ী মূল্যের আবাসন বিভাগে C-CAN দেখুন।

### The Carey আবসন কর্মসূচী

22 জন গৃহহীন পুরুষ এবং মামলা ব্যবস্থাপনার জন্য একটি স্থায়ী সহায়ক আবাসন কর্মসূচি প্রদান করে।

### ইলিয়ট সম্প্রদায় মানব সেবা মানসিক স্বাস্থ্য নিরাপত্তা বিশেষজ্ঞ

একজন ক্লিনিক্যাল সমাজকর্মী যিনি MA মানসিক স্বাস্থ্য অধিদপ্তরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেন। MSC-তে ইলিয়ট অ্যাপয়েন্টমেন্ট পেতে গ্রাহকদের অবশ্যই MSC মামলা ম্যানেজারের সাথে কাজ করতে হবে।

### ইলিয়ট দ্রুত পুনর্বাসন (RRH) আবাসন আইনজীবী

সেসব অসহায় ব্যক্তিদের সেবা প্রদান করে যাদের আয় রয়েছে বা যাদের ভাউচার প্রদান করা হয়েছে।

## Housing Liaison (আবাসন  যোগাযোগ) অফিস

**Housing Liaison (আবাসন যোগাযোগ) অফিস কি?**

আবাসন যোগাযোগ অফিস হচ্ছে Cambridge শহর ম্যানেজারের অফিসের অংশ। আমরা ভাড়াটে, বাড়ির মালিক এবং জমির মালিকদের বাসস্থানের অধিকার এবং দায়িত্ব সম্পর্কিত প্রশ্নের উত্তর দিই। তীব্র, ক্ষেত্র-ভিত্তিক মামলা ব্যবস্থাপনা পরিষেবা ও আমরা প্রদান করি। আমাদের লক্ষ্য হলো স্থানচ্যুতি রোধ করা এবং বাসস্থানকে স্থিতিশীল করতে সাহায্য করা। আমাদের কর্মীরা বাসস্থান কর্মসূচীগুলিতে প্রবেশাধিকার বৃদ্ধি এবং নীতি তৈরি করতে কাজ করে। আমরা শহরের অন্যান্য অধিদপ্তর ও স্থানীয় এবং রাজ্যের বাসস্থান অংশীদার এবং প্রদানকারীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করি। অফিসটি Cambridge-এর 362 Green Street এর Multi-Service Center (বহু-সেবা কেন্দ্রে) অবস্থিত।

## আবাসন যোগাযোগ অফিস কোন ধরনের সমস্যার সমাধান করতে পারে?

আবাসন সংক্রান্ত সব ধরনের সমস্যা সমাধানে সাহায্য করতে আমরা এখানে আছি। আমরা ভাড়াটিয়া এবং মালিকের অধিকার ও দায়িত্ব ব্যাখ্যা করতে পারি। প্রয়োজন অনুসারে আমরা বাসিন্দাদের সাথে অফিসে বা তাদের বাড়িতে দেখা করতে পারি। আমরা বাসিন্দাদের সাথে আবাসন সম্পর্কিত সাক্ষাৎকারে যেতে পারি। এছাড়াও আমরা ভবন বিক্রয়, আগুন থেকে স্থানচ্যুতি এবং মজুতকরণের মতো জটিল আবাসন সমস্যা গুলিতে সহায়তা করি।

## আবাসন যোগাযোগ অফিসে আপনারা কাকে সাহায্য করেন?

আমরা Cambridge বাসিন্দাদের সাহায্য করি যাদের আবাসন সংক্রান্ত সমস্যার জন্য সহায়তার প্রয়োজন। এর মধ্যে বাসস্থানযুক্ত এবং গৃহহীন উভয়ের পাশাপাশি মালিকরাও অন্তর্ভুক্ত আছে।

কেমব্রিজে আবাসন সম্পর্কিত প্রশ্নাবলী? 617-349-6337 নম্বরে আবাসিক যোগাযোগ অফিসের সাথে যোগাযোগ করুন। আরও জানতে www.cambridgema.gov/Departments/officeofthehousingliaison এ যেতে পারেন।

## "Housed IN Cambridge" (Cambridge এ আবাসন) কি?

Housed IN Cambridge হলো একটি শহরব্যাপী প্রকল্প যাতে শহরের অনেক বিভাগের কর্মীরা জড়িত। আমরা বাসিন্দাদেরকে বাসস্থান সম্পর্কিত সুযোগ এবং সংশ্লিষ্ট সংস্থান সম্পর্কে অবহিত করার জন্য কাজ করি। আমরা বিভিন্ন বিষয়ে ওয়েবিনার আয়োজন করি, যার মধ্যে রয়েছে:

- সাশ্রয়ী মূল্যের আবাসন
- জরুরী আবাসন
- আবাসন অধিকার
- আইনি এবং মধ্যস্থতা পরিষেবা
- নিরাপদ এবং স্বাস্থ্যকর বাড়ি
- আর্থিক সহায়তা

Housed IN Cambridge শহরের আশেপাশে অনুষ্ঠানের আয়োজন করে যাতে বাসিন্দাদের আবাসন সংক্রান্ত প্রশ্নে সাহায্য করতে পারে।

## Cambridge Economic Opportunity Committee (অর্থনৈতিক সুযোগ কমিটি- CEOC)

### CEOC কি ধরনের আবাসন সমস্যায় সাহায্য করেন?

- আবেদন থেকে পুনর্বিবেচনা পর্যন্ত সাশ্রয়ী মূল্যের আবাসন সহায়তা
- উচ্ছেদ প্রতিরোধ
- মজুদ বা গৃহস্থালির সমস্যা
- আইনি পরিষেবার জন্য রেফারেল
- ভাড়াটেদের অধিকার শিক্ষা এবং ওকালতি
- আবাসন অনুসন্ধান

আমাদের আবাসন বিভাগে কল করুন: 617-868-2900 সম্প্রঃ 302।

### CEOC কি কি অতিরিক্ত পরিষেবা প্রদান করেন?

আবাসন সহায়তা ছাড়াও, CEOC অতিরিক্ত সহায়তার জন্য পরিষেবা প্রদান করে, যার মধ্যে রয়েছে:

- বিনামূল্যে কর প্রস্তুতি
- স্বাস্থ্য বীমা সহায়তা (MassHealth এবং স্বাস্থ্য সংযোগকারী পরিকল্পনা)
- SNAP এবং জনসাধারণের সুবিধা সহায়তা
- আর্থিক শিক্ষা এবং কোচিং
- দুইটি খাবারের মজুদ ঘর পরিচালনা করে

আমাদেরকে 617-868-2900 নম্বরে কল করুন বা আমাদের ওয়েবসাইট দেখুন: ceoccambridge.org

## জাস্ট এ স্টার্ট (JAS)

### Just A Start (জাস্ট এ স্টার্ট) কি ধরনের সেবা প্রদান করে?

আমরা সাশ্রয়ী মূল্যের আবাসন, পেশা প্রশিক্ষণ, আর্থিক কোচিং, বাড়িওয়ালা/ভাড়াটেদের মধ্যস্থতা এবং অন্যান্য আবাসন-সম্পর্কিত পরিষেবা প্রদান করি। আরও জানতে, এখানে দেখুন: https://justastart.org/

### Just A Start (জাস্ট এ স্টার্ট) কিভাবে Cambridge এর বাড়ির মালিকদের সাহায্য করতে পারে যাদের বাড়ির মেরামত প্রয়োজন?

JAS এর গৃহ উন্নয়ন কর্মসূচী (HIP) প্রযুক্তিগত দক্ষতা প্রদান করে আয়-যোগ্য বাড়ির মালিকদের সাথে কাজ করে। আমরা গৃহের উন্নয়ন এবং মেরামত করতে কম/বিনা সুদে ঋণও প্রদান করি। আমরা যেভাবে বাড়ির মালিকদের সমর্থন করি:

- প্রকল্প তৈরি এবং মূল্যায়ন করা
- বাড়ির মালিকদের যোগ্য ঠিকাদারদের কাছ থেকে প্রস্তাবিত মূল্য পেতে সাহায্য করা
- কাজের অর্থায়ন
- পুনর্বাসন নির্মাণ পর্যবেক্ষণ করা

আরও তথ্যের জন্য ইথান সলোমনকে এই ইমেইল এ মেইল করুন: ethansolomon@justastart.org

### আমার বাড়িওয়ালার সঙ্গে সমস্যা সমাধানের জন্য আমি কোথায় যেতে পারি?

Just A Start আবাসন সম্পর্কিত সমস্যাগুলির জন্য মধ্যস্থতা এবং দ্বন্দ্বের প্রশিক্ষণ প্রদান করে। আমরা সাহায্য করতে পারি কিনা তা দেখতে এলিজাবেথ উইনস্টনকে ইমেইল করুন: elizabethwinston@justastart.org

## Cambridge Public Library (Cambridge গণ  গ্রন্থাগার)

### গ্রন্থাগারে কেন যাবেন?

Cambridge এর প্রতিটি এলাকায় একটি করে গ্রন্থাগার রয়েছে। এখানে বিনামূল্যে যাওয়া যায় এবং সময় কাটানো যায়। একটি গ্রন্থাগার কার্ডের মাধ্যমে আপনি বই, ম্যাগাজিন, সিনেমা, ল্যাপটপ, ওয়াই-ফাইয়ের হট স্পট এবং আরও অনেক কিছু বাড়িতে নিয়ে যাওয়ার জন্য ধার করতে পারেন! আমাদের সব বয়সীদের জন্যও কর্মসূচি রয়েছে। আপনি যে কোনো শহরে বেড়াতে যেতে পারেন, এবং আমাদের ভবনে সময় কাটানোর জন্য আপনার কোনো গ্রন্থাগার কার্ডের প্রয়োজন নেই। আরও জানতে www.cambridgema.gov/cpl দেখুন।

### গ্রন্থাগার কিভাবে আবাসন তৈরিতে সাহায্য করতে পারে?

আমাদের সকল স্থানে কম্পিউটার রয়েছে যা যে কেউ ব্যবহার করতে পারবে। আপনি এগুলি আবাসন অনুসন্ধান, আবাসন অ্যাপ্লিকেশন এবং আবাসন সংস্থান সম্পর্কে শেখার জন্য ব্যবহার করতে পারেন। আপনি ভাড়াটিয়ার অধিকার, বাজেট এবং সঞ্চয়, বাড়ি কেনা এবং অন্যান্য বিষয় সম্পর্কে আবাসন এর বই এবং সংস্থানসমূহ ধার বা অনুরোধ করতে পারেন। গ্রন্থাগারে আবাসন ড্রপ-ইন এর সময় রয়েছে যেখানে আপনি আবাসন উকিলদের সাথে দেখা করা ও আবাসন সম্পর্কিত প্রশ্ন করতে পারেন।

## সম্প্রদায় শিক্ষা কেন্দ্র (CLC)

### CLC কি করে?

আমরা প্রাপ্তবয়স্কদের তাদের জীবন পরিবর্তন করতে সাহায্য করার জন্য ক্লাস এবং কর্মসূচী প্রদান করি। আমরা আমাদের শিক্ষার্থীদের শিক্ষা, দক্ষতার বিকাশ এবং সম্প্রদায়ের অংশগ্রহণের মাধ্যমে তাদের সম্ভাবনায় পৌঁছাতে সাহায্য করি।

### CLC কি ধরনের ক্লাস এবং কর্মসূচী প্রদান করে?

- ইংরেজি (ESOL) ক্লাস
- উচ্চ বিদ্যালয় সমতা (HSE) পরীক্ষার প্রস্তুতিমূলক ক্লাস
- ব্রিজ টু কলেজ কর্মসূচী
- অনুমোদিত সেবিকা সহকারী (CNA) প্রশিক্ষণ কর্মসূচী
- প্রারম্ভিক শৈশব কর্মজীবন প্রশিক্ষণ কর্মসূচি

### আমি কিভাবে আরো জানতে পারি?

- আমাদের ওয়েবসাইট দেখুন: cambridgema.gov/clc
- আমাদের সাথে যোগাযোগ করুন: 617-349-4396 অথবা clc@cambridgema.gov
- একটি তথ্য সেশনের জন্য সাইন আপ করুন: Camb.ma/CLCInfoSessions

আমাদের দুটি অবস্থানের যেকোনো একটিতে যেতে পারেন:

- 5 Western Avenue (Central Square এ)
- 286 Rindge Avenue (উত্তর Cambridge এ)

# আর্থিক সহায়তা

## Fuel Assistance (জ্বালানী সহায়তা)

### Fuel Assistance (জ্বালানী সহায়তা) কর্মসূচী কি?

প্রোগ্রামটি স্বল্প আয়ের পরিবারগুলিকে 1 নভেম্বর থেকে 30 এপ্রিলের মধ্যে তাদের শীতকালীন গরম থাকার বিল পরিশোধ করতে সহায়তা করে। জ্বালানী সহায়তা গৃহ শক্তি সহায়তা কর্মসূচী নামেও পরিচিত।

### কারা এই কর্মসূচীর জন্য যোগ্য?

Cambridge এবং Somerville এর ভাড়াটে এবং বাড়ির মালিকরা যদি ফেডারেল আয়ের নির্দেশিকা পূরণ করেন তবে তারা আবেদন করার যোগ্য।

### আমি কিভাবে Fuel Assistance (জ্বালানী সহায়তা) এর জন্য আবেদন করতে পারি?

আপনি www.cambridgema.gov/iwantto/applyforfuelassistance- এ একটি আবেদন পেতে পারেন। আপনি সাহায্যের জন্য বা আরও তথ্যের জন্য 617-665-6234 নম্বরে কল করতে পারেন। আপনি প্রতি বছর মে মাসের প্রথম দিকে করতে পারেন।

## Cambridge শক্তি জোট (CEA)

### Cambridge শক্তি জোট কি?

Cambridge শক্তি জোট (CEA) হল Cambridge শহর দ্বারা প্রদত্ত একটি পরিষেবা। আমরা বাসিন্দাদের, ব্যবসা এবং প্রতিষ্ঠানগুলিকে আরও বেশি শক্তি সাশ্রয়ী হওয়া এবং নবায়নযোগ্য শক্তি সেবায় প্রবেশ করতে সাহায্য করি। আমরা ভাড়াটে, বাড়ির মালিক এবং বাড়িওয়ালাদের সাহায্য করতে পারি। Cambridge শক্তি জোট হল সম্প্রদায় উন্নয়ন বিভাগের (CDD) একটি অংশ।

### আমি কীভাবে আমার বিদ্যুতের বিল কমাতে পারি বা বিদ্যুতের অর্থ সাশ্রয় করতে পারি?

এমন অনেক কর্মসূচী রয়েছে আপনি যার অংশ হতে পারেন, যেমন:

- Cambridge এর সব ভবনের জন্য বিনা-মূল্যে গণ সঞ্চয় শক্তি মূল্যায়ন
- স্বল্প আয়ের বাসিন্দাদের জন্য বিনা-মূল্যে আবহাওয়াকরণ পরিষেবা
- সৌর শক্তি এবং শক্তি উন্নয়নের জন্য অর্থায়নের বিকল্প
- শক্তি দক্ষতা এবং নবায়নযোগ্য শক্তির উপর শিক্ষামূলক সংস্থান

**আমার বিদ্যুৎ বিল বা গ্যাস বিল সম্পর্কে আমার একটি প্রশ্ন আছে।**

আপনার বিদ্যুৎ সম্পর্কিত প্রশ্নের উত্তর দেওয়ার জন্য Cambridge শহরের একটি হেল্পলাইন রয়েছে। আপনি 617-430-6230 নম্বরে কল করতে পারেন। আপনি আমাদের ওয়েবসাইটে আরও তথ্য জানতে পারেন: [cambridgeenergyalliance.org](cambridgeenergyalliance.org)

# সাশ্রয়ী মূল্যের আবাসন

## Cambridge সমন্বিত অ্যাক্সেস নেটওয়ার্ক (C-CAN)

**C-CAN কি?**

Cambridge সমন্বিত অ্যাক্সেস নেটওয়ার্ক Cambridge এ দীর্ঘস্থায়ী গৃহহীনতার সম্মুখীন ব্যক্তিদের জন্য আবাসন সুযোগগুলিকে সংযুক্ত করতে সহায়তা করে। আমরা সবার জন্য সুযোগের নিশ্চয়তা দিতে পারিনা। আমরা একটি দুর্বলতা মূল্যায়ন স্কোরের ভিত্তিতে বিন্যাস করি। C-CAN সারি হলো তাদের সংশ্লিষ্ট স্কোর সহ আবেদনকারীদের একটি পুল। আমরা সরকারী আবাসন কতৃপক্ষের অপেক্ষমাণ তালিকা থেকে আলাদা। C-CAN সারি একটি রৈখিক তালিকা নয় যেখানে একজন গ্রাহক সময়ের সাথে-সাথে একটি সুযোগের জন্য অপেক্ষা করে। আমাদের বর্তমান কর্মসূচীগুলি সর্বোচ্চ স্কোর পাওয়া গ্রাহকদের পরিষেবা দেয়। মধ্য এবং নিম্ন স্কোরের ব্যক্তিদের অন্যান্য বিকল্প বিবেচনা করা উচিত। আমাদের আবাসন নির্দেশনা পরিষেবাগুলিও মূল্যায়ন স্কোরের উপর ভিত্তি করে করা হয়। C-CAN-এর সাথে যোগাযোগ করতে, 617-349-7715 নম্বরে কল করুন বা cambridgeCAN@cambridgema.gov-এ ইমেইল করুন

### আমরা কোন প্রশ্নের উত্তর দিতে পারি?

আমরা স্থায়ী সহায়ক আবাসনগুলিতে যাওয়ার প্রক্রিয়া সম্পর্কে সাধারণ প্রশ্নের উত্তর দিতে পারি।

### C-CAN মূল্যায়নের জন্য কে যোগ্য?

C-CAN মূল্যায়নের যোগ্যতা অর্জনের জন্য আপনাকে HUD মান অনুসারে গৃহহীন বলে বিবেচিত হতে হবে। এর মানে হলো যে আপনার থাকার কোন দীর্ঘমেয়াদী জায়গা নেই। মূল্যায়নের আগের রাতে আপনি যদি কোনো হোটেল বা বাড়িতে ঘুমিয়ে থাকেন তবে আপনি যোগ্য নন। আপনি যদি বর্তমানে কোনো বন্ধুর বাড়িতে থাকেন তাহলে মূল্যায়নে আপনাকে বাদ দিতে পারে। আপনি যদি কোনো আশ্রয়কেন্দ্রে থাকেন বা বসবাসের জন্য নয় এমন কোনো জায়গায় থাকেন, তাহলে আপনাকে গৃহহীন বলে গণ্য করা হবে। উপরন্তু, বেশিরভাগ সুযোগের জন্য "দীর্ঘস্থায়ীতা" প্রয়োজন। এর মানে হল আপনি এক বছরেরও বেশি সময় ধরে গৃহহীনতা অনুভব করেছেন বা গত তিন বছরে চার বা ততোধিক বার গৃহহীনতার অভিজ্ঞতা পেয়েছেন।

## Cambridge আবাসন কর্তৃপক্ষ (CHA)

Cambridge আবাসন কর্তৃপক্ষ তার সরকারী আবাসন এবং আবাসন বাছাই ভাউচার (HCV) কর্মসূচীর মাধ্যমে স্বল্প আয়ের পরিবার, বয়স্ক এবং অক্ষম ব্যক্তিদের দীর্ঘমেয়াদী ভাড়া আবাসন এবং ভাড়া সহায়তা প্রদান করে।

### আমি কিভাবে CHA সহায়তার জন্য আবেদন করতে পারি?

উন্মুক্ত CHA অপেক্ষমাণ তালিকা সম্পর্কে আবেদন এবং তথ্য আমাদের অপেক্ষমাণ অ্যাপ্লিকেশনের তথ্য ওয়েবসাইটে পাওয়া যায়:

https://cambridge-housing.org/applicants/

আবেদন করতে, ওয়েবসাইটের নিচে যান এবং "CHA আবাসন কর্মসূচীর জন্য আবেদন" শিরোনামের লাল বোতামে ক্লিক করুন।

### আমি কিভাবে CHA অপেক্ষমাণ তালিকায় আমার অবস্থা যাচাই করবো?

অপেক্ষমাণ তালিকায় আপনার অবস্থা যাচাই করতে আবেদনকারী পোর্টালে যান: https://cha.applicants4housing.com/Public/Login/Login.aspx।

প্রথমবার ব্যবহারকারীদের শুরু করার জন্য একটি অ্যাকাউন্ট তৈরি করতে হবে। এই ওয়েবসাইটটি অনলাইন অ্যাপ্লিকেশন থেকে আলাদা।

আবেদনকারীরা তথ্যমূলক সুইচবোর্ড/অপেক্ষমাণ তালিকা লাইনে 617-499-7041 নাম্বারে কল করতে পারেন। দ্রুত স্ব-পরিষেবার জন্য, আবেদনকারীদের তাদের অবস্থা যাচাই করার জন্য একটি পোর্টাল অ্যাকাউন্ট সেট আপ করতে উৎসাহিত করা হয়।

### আমি কিভাবে জানব যে আমি CHA সহায়তার জন্য যোগ্য কিনা?

বিভিন্ন কর্মসূচীর জন্য CHA এর বিভিন্ন আয়ের সীমা রয়েছে। সহায়তার জন্য যোগ্যতা অর্জনের করতে, একসাথে বসবাসকারী প্রাপ্তবয়স্কদের সংখ্যার উপর ভিত্তি করে আপনার মোট পরিবারের মোট আয় অবশ্যই একটি নির্দিষ্ট পরিমাণের নিচে হতে হবে। আয়ের সীমা আবাসন ও নগর উন্নয়ন বিভাগ (HUD) দ্বারা নির্ধারিত করা হয় এবং বার্ষিক হালনাগাদ করা হয়। প্রতিটি কর্মসূচীর জন্য আয়ের সীমা সম্পর্কে তথ্য আবেদনকারীদের জন্য তথ্য পৃষ্ঠায় পাওয়া যায় : https://cambridge-housing.org/applicants/

## সম্প্রদায় উন্নয়ন অধিদপ্তর (CDD), আবাসন বিভাগ

### CDD দ্বারা কোন আবাসন কর্মসূচীগুলি প্রদান করা হয়?

সম্প্রদায় উন্নয়ন অধিদপ্তরের আবাসন বিভাগ শহর কর্মসূচীর মাধ্যমে নিম্ন, মধ্যএবং মধ্যম আয়ের পরিবারের জন্য সাশ্রয়ী মূল্যের ভাড়া এবং বাড়ির মালিকানার ইউনিটগুলিতে প্রবেশাধিকার প্রদান করে। আগ্রহী এবং যোগ্য আবেদনকারীরা শহরের ভাড়া অ্যাপ্লিকেন্ট পুল, মধ্যম-আয় ভাড়া কর্মসূচী, বাড়ির মালিকানা পুনর্বিক্রয় পুল এবং HomeBridge (হোমব্রিজ) কর্মসূচীতে আবেদন করতে পারেন।

## শহরের আবাসন কর্মসূচীতে অংশগ্রহণ করার জন্য আয়ের কোনো নির্দেশিকা আছে কি?

হ্যাঁ, শহর আবাসন কর্মসূচীতে অংশগ্রহণের জন্য পরিবারগুলিকে অবশ্যই আয়ের যোগ্য হতে হবে। পরিবারের আকারের সাথে সামঞ্জস্য এমন বিভিন্ন কর্মসূচীর বিভিন্ন আয় নির্দেশিকা আছে। আয় নির্দেশিকাগুলি আবাসন বিভাগের ওয়েবসাইটে পাওয়া যাবে: https://www.cambridgema.gov/-/media/Files/CDD/Housing/incomelimits/hudincomeguidelines.pdf। শহর ভাড়া কর্মসূচীর জন্য, মোবাইল সেকশন 8 আবাসন ভাউচার আছে এমন আবেদনকারীদের জন্য আয় নির্দেশিকা মওকুফ করা হয়েছে।

## শহর আবাসন কর্মসূচীগুলির জন্য অপেক্ষার সময় কত?

আবেদনকারীর পছন্দ, উপলভ্য আবাসন ইউনিট, প্রয়োজনীয় শয়নকক্ষের আকার এবং CDD দ্বারা আবেদন গৃহীত হওয়ার তারিখ/সময়ের উপর ভিত্তি করে শহর আবাসন কর্মসূচীগুলির জন্য অপেক্ষার সময় পরিবর্তিত হয়।

## আবেদন করার জন্য আমাকে কি Cambridge এর বাসিন্দা হতে হবে?

না, শহর আবাসন কর্মসূচীগুলিতে আবেদন করার জন্য আপনাকে Cambridge এর বাসিন্দা হতে হবেনা, তবে Cambridge এর বাসিন্দারা অগ্রাধিকার পাবেন।

## আমি কিভাবে CDD এর মাধ্যমে আবাসনের জন্য আবেদন করবো?

শহর আবাসন কর্মসূচীর জন্য সকলের আবেদন গুলি ওয়েবসাইট থেকে ডাউনলোড/প্রিন্ট করার জন্য পাওয়া যায়:
https://www.cambridgema.gov/CDD/housing/forapplicants

আপনি housing@cambridgema.gov এ ইমেইল করতে পারেন বা আরও তথ্যের জন্য 617-349-4622 নম্বরে কল করতে পারেন।

# আবাসন আইন

## আবাসন বৈষম্য যাচাই কর্মসূচী (HDTP)

### HDTP কি ধরনের সেবা প্রদান করে?

আবাসন বৈষম্য যাচাই কর্মসূচীটি Suffolk Law School-এর অংশ। HDTP হলো একটি পূর্ণ-পরিষেবা ন্যায্য আবাসন কেন্দ্র যা বৈষম্য যাচাই, বলপ্রয়োগ এবং একাডেমিক অধ্যয়ন পরিচালনা করে। আমরা শিক্ষা, প্রচার, এবং পাঠ্যক্রমের উন্নয়নও প্রদান করি। HDTP শত শত আবাসন বৈষম্য যাচাই সম্পন্ন করেছে এবং গবেষণা জরিপ প্রকাশ করেছে। আমরা বৈষম্যের শিকারদের জন্য হাজার হাজার ডলার ক্ষতিপূরণ এনেছি। আমরা হাজার হাজার লোককে আবাসন অধিকার এবং দায়িত্ব সম্পর্কে প্রশিক্ষণ দিয়ে চলেছি এবং আমরা পরবর্তী প্রজন্মের নাগরিক অধিকার আইনজীবীদের তৈরি করতে কাজ করি।

### যাচাই কি?

আবাসন বৈষম্য অবৈধ। যাচাই করা আমাদের সমস্যা উন্মোচন করতে সাহায্য করে। যাচাইকারীরা সম্ভাব্য ভাড়াটে হিসাবে অভিনয় করে অ্যাপার্টমেন্টের তালিকার উত্তর দেন, এবং তারপরে তাদের অভিজ্ঞতা সম্পর্কে প্রতিবেদন করেন।

### আমি কিভাবে একজন যাচাইকারী হতে পারি?

আপনি আমাদের পরীক্ষামূলক প্রশিক্ষণের একটিতে যোগদান করার পরে একজন যাচাইকারী হতে পারবেন। প্রশিক্ষণ প্রতি বছরে কয়েকবার অনুষ্ঠিত হয়। আরও তথ্যের জন্য, আপনি তদন্ত ও প্রচারণা পরিচালক কেলি ভিয়েরার সাথে যোগাযোগ করতে পারেনkvieira@suffolk.edu-এ।

## Cambridge এবং Somerville আইনি পরিষেবা (CASLS)

### CASLS কি ধরনের সেবা প্রদান করে?

CASLS হল Greater Boston আইনি পরিষেবার অলাভজনক একটি অফিস। আমরা নিম্ন আয়ের এবং বয়স্ক ব্যক্তিদের বিনামূল্যে নাগরিক আইনি প্রতিনিধিত্ব এবং পরামর্শ প্রদান করি। আমরা উচ্ছেদ এবং ভর্তুকি বন্ধ এবং অস্বীকারের মতো আইনি সমস্যাগুলির উপর নজর দিই।

বিশেষ করে, এই ফেডারেল এবং রাষ্ট্রীয় সুবিধাগুলির অস্বীকার এবং সমাপ্তি:

- ফেডারেল অক্ষমতা সুবিধা
- TAFDC (নির্ভরশীল শিশুদের পরিবারকে ক্রান্তিকালীন সহায়তা)
- EAEDC (বয়স্ক প্রতিবন্ধী এবং শিশুদের জরুরী সহায়তা)
- SNAP (পরিপূরক পুষ্টি সহায়তা কর্মসূচী)
- জরুরী পরিবার আশ্রয়

### CASLS থেকে আইনি পরিষেবার জন্য কারা যোগ্য?

Cambridge, Somerville, আর্লিংটন, ওবার্ন, বেলমন্ট এবং উইনচেস্টারের স্বল্প আয়ের বাসিন্দারা যোগ্য। Cambridge এবং Somerville তে বসবাসকারী 60 বছর বা তার বেশি বয়সী বাসিন্দাদের জন্য আমাদের কঠোর আর্থিক নির্দেশিকা নেই। আমরা স্বল্প আয়ের ব্যক্তিদের অগ্রাধিকার দিই। আইনি সাহায্যের অনুরোধ করতে 617-603-2700 নম্বরে কল করুন। www.gbls.org/our-work/cambridge-somerville-legal-services- এ আরও জানুন।

## Cambridge মানবাধিকার কমিশন (CHRC)

### CHRC কি করে?

CHRC বৈষম্যের অভিযোগ তদন্ত করে। এই অভিযোগগুলি কর্মসংস্থান, আবাসন, সরকারী বাসস্থান এবং শিক্ষা সম্পর্কে হতে পারে। CHRC সম্প্রদায় অনুষ্ঠান, প্রচার এবং শিক্ষা ও প্রদান করে।

### CHRC কি ধরনের অভিযোগ তদন্ত করতে পারে?

CHRC সেইসব বৈষম্যের অভিযোগ গ্রহণ করে যা:

- Cambridge এ ঘটেছে,
- গত 180 দিনের মধ্যে ঘটেছে, এবং
- একটি সুরক্ষিত শ্রেণীর উপর ভিত্তি করে।

সুরক্ষিত শ্রেণীগুলির মধ্যে রয়েছে, জাতি, বর্ণ, লিঙ্গ, বয়স, ধর্মীয় বিশ্বাস, অক্ষমতা, জাতীয় উৎস বা বংশ, যৌন অভিমুখীতা, লিঙ্গ পরিচয়, বৈবাহিক অবস্থা, পারিবারিক অবস্থা, সামরিক অবস্থা এবং আয়ের উৎস। CHRC এ Cambridge শহরের সংস্থা বা বিভাগগুলির বিরুদ্ধে অভিযোগের তদন্ত করতে পারেনা।

### আমি কিভাবে একটি অভিযোগ জমা দিতে পারি?

আপনি আমাদের ওয়েবসাইটে আমাদের গ্রহণ ফর্ম পূরণ করতে পারেন: cambridgema.gov/hrc। এছাড়াও আপনি আমাদেরকে 617-349-4396 নম্বরে কল করতে পারেন অথবা 51 Inman Street, 2য় তলায় আমাদের অফিসে আসতে পারেন।

## অ্যাটর্নি জেনারেল অফিস (AGO)

### অ্যাটর্নি জেনারেল (AG) কী করেন?

অ্যাটর্নি জেনারেল ম্যাসাচুসেটসের জনগণের একজন উকিল এবং সংস্থান স্বরূপ। আবাসিক বা আইনি অবস্থা নির্বিশেষে AG আপনাকে সাহায্য করতে পারে। AG-এর ওকালতির মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- ভোক্তাদের সুরক্ষা
- জালিয়াতি ও দুর্নীতির বিরুদ্ধে লড়াই
- অপরাধের তদন্ত ও বিচার করা
- পরিবেশ, শ্রমিকদের অধিকার এবং নাগরিক অধিকার রক্ষা করা

### AG কি আমার আইনি প্রতিনিধি হিসেবে কাজ করতে পারেন?

না। AGO ব্যক্তির প্রতিনিধিত্ব করতে পারেনা। AG অফিসের উকিলেরা জনগণকে তাদের অধিকার এবং বাধ্যবাধকতা সম্পর্কে অবহিত করতে পারেন।

### আমার কখন AGO এর সাথে যোগাযোগ করা উচিত?

আমাদের অফিসে সচরাচর আসা অভিযোগগুলির মধ্যে রয়েছে:

- ভোক্তাদের অভিযোগ (পণ্য, গাড়ি, বাড়ি কেনা, ইউটিলিটি ইত্যাদির সমস্যা)
- কর্মক্ষেত্রে অভিযোগ (যখন আপনি মনে করেন যে আপনার কর্মক্ষেত্র নির্দিষ্ট আইন লঙ্ঘন করছে)
- নাগরিক অধিকারের অভিযোগ (যখন আপনি বিশ্বাস করেন যে কোনো কোম্পানি, ব্যবসা, প্রতিষ্ঠান আপনার অধিকার লঙ্ঘন করেছে)

আপনার অভিযোগ উপরের বিভাগগুলিতে তালিকাভুক্ত না থাকলেও আপনি আপনার উদ্বেগের কথা জানাতে পারেন। একটি অভিযোগ দায়ের

করুন[www.mass.gov/orgs/office-of-the-attorney-general-এ বা 617-727-2200 নম্বরে কল করুন]

## ন্যায়বিচার ও নিরাময়ের জন্য De Novo Center

### **De Novo কি করে?**

De Novo Cambridge এবং Somerville এলাকায় বসবাসকারী স্বল্প আয়ের ভাড়াটেদের বিনামূল্যে আইনি সহায়তা প্রদান করে। আমাদের উকিলেরা যেসব ক্ষেত্রে ভাড়াটেদের আইনি পরামর্শ এবং প্রতিনিধিত্ব প্রদান করে থাকেন:

- উচ্ছেদ এবং অবৈধ বহিষ্কার
- সরকারি বা ভর্তুকিযুক্ত আবাসনে প্রবেশাধিকার
- আবাসন ভর্তুকি প্রত্যাখ্যান বা বাতিল করা (ধারা 8 বা অন্যান্য সরকার-ভর্তুকিযুক্ত আবাসন সহ)
- নিম্নমানের আবাসন অবস্থার সমাধান করা

### **কারা আইনি সহায়তার জন্য যোগ্য?**

একজন Cambridge ভাড়াটে হিসাবে, আইনি সাহায্যের জন্য যোগ্য হতে:

- আপনার পরিবারের আয় অবশ্যই এলাকার মধ্যম আয়ের 80% বা ফেডারেল দারিদ্র্য নির্দেশিকার 200% এর সমান অথবা তার নিচে হতে হবে, এবং
- আপনাকে অবশ্যই উচ্ছেদের ঝুঁকিতে থাকতে হবে (উদাহরণস্বরূপ, আপনার বাড়িওয়ালা আপনাকে প্রস্থান করার নোটিশ দিয়েছেন)।

যেকোনো আইনি অফিসের মতো, এখানে অনেক সময় নৈতিক বা প্রশাসনিক সমস্যা থাকে যা আমাদের সমস্ত মামলা গ্রহণ করতে বাধা দেয়।

### **আমি কিভাবে আইনি সাহায্য পেতে পারি?**

আবাসন সমস্যার আইনি সাহায্যের জন্য অনুরোধ করতে, সোমবার থেকে শুক্রবার সকাল 9:00 টা থেকে বিকাল 5:00 টা পর্যন্ত (617) 661-1010 নাম্বারে কল করুন। আপনি আরও জানতে পারেন[denovo.org/housing] ওয়েবসাইট দেখতে পারেন।

# আবাসন নিরাপত্তা

## Homeowner's Rehab Inc. (HIP)

### কর্মসূচীটি কী কী সেবা প্রদান করে?

আপনার বাড়ির জন্য পুনর্বাসন পরিষেবাগুলির মধ্যে রয়েছে:

- বিনামূল্যে গৃহনির্মাণ পরিদর্শন করা
- বাড়ির উন্নতির প্রয়োজনীয়তার মূল্যায়ন অনুমান করা
- ঠিকাদার, প্রস্তাবিত মূল্য এবং কাজের পরিধি প্রক্রিয়ায় সহায়তা করা
- স্বল্প/সুদহীন স্থায়ী অর্থায়নের জন্য একটি ঋণ আবেদনে সহায়তা
- অন্যান্য প্রশংসাসূচক প্রকল্প তহবিল এবং অনুদান সুরক্ষিত করতে সহায়তা করা
- বাড়ির উন্নয়ন প্রকল্প তদারকি এবং পর্যবেক্ষণ করা
- দায়বদ্ধতার জন্য অন্যের অধীনে থাকা ঋণ তহবিল পরিচালনা করা
- নিরাপদে দীর্ঘ সময় বসবাসের জন্য পরামর্শ ও সরঞ্জাম সহ মালিককে বাড়ির অভিজ্ঞতা এবং ক্ষমতায়ন দক্ষতা প্রদান করা

### কোন বৈশিষ্ট্যগুলি HRI সহায়তার জন্য যোগ্য?

বৈশিষ্ট্যগুলি হলো:

- মালিকের দখলে থাকলে
- চার ইউনিট পর্যন্ত
- যেখানে বাড়ির কমপক্ষে 50% আবাসিক

আবেদনকারীকে অবশ্যই সম্প্রদায় উন্নয়ন ব্লক অনুদান কর্মসূচী দ্বারা নির্ধারিত আয়ের সীমার মধ্যে পড়তে হবে। মালিককে কমপক্ষে এক বছরের জন্য তার বাড়ির মালিক হতে হবে।

### আমি কিভাবে আবেদন করবে?

যোগ্যতার জন্য নির্ধারিত হতে, info@homeownersrehab.orgতে ইমেইল করুন বা 617-868-4858 সম্প্র. 200 এ কল করুন। আপনি যদি যোগ্যতা অর্জন করেন এবং আবেদন করতে চান, তাহলে আপনি তা সম্পূর্ণ করার জন্য অন্যান্য নথি সহ একটি আবেদন পাবেন যা পূরণ করে অফিসে ফিরিয়ে দিতে হবে।

## কর্মসূচীটি কিভাবে কাজ করে?

HIP কর্মীরা প্রয়োজনীয় পুনর্বাসনের স্তর নির্ধারণ করতে সম্পত্তির মালিকদের সাথে কাজ করে। কাজের বৈশিষ্ট্য লেখা আছে, এবং বেশ কিছু ঠিকাদার একটি প্রস্তাবিত মূল্য জমা দেওয়ার জন্য প্রস্তাবিত কাজ পর্যালোচনা করবে। ঋণটি সাশ্রয়ী কিনা তা নিশ্চিত করার জন্য একটি আর্থিক বিশ্লেষণ করা হয়। ঋণ অনুমোদিত হলে পুনর্বাসন শুরু হয় এবং ঋণটি বন্ধ হয়ে যায় এবং ঠিকাদার নির্বাচন করা হয়। সম্পূর্ণ প্রকল্পটি সঠিকভাবে সম্পন্ন হয়েছে তা নিশ্চিত করার জন্য HRI দ্বারা তত্ত্বাবধান করা হয়।

## কোন ধরনের আবাসন পুনর্বাসন যোগ্য?

HIP একটি মধ্যম পুনর্বাসন কর্মসূচী। নিম্নলিখিত প্রয়োজনগুলিকে অগ্রাধিকার দেওয়া হয়:

- স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকি
- আবহাওয়াকরণ এবং শক্তি সংরক্ষণের উন্নতি
- সীসা মিশ্রিত রংয়ের ঝুঁকি
- প্রতিবন্ধীদের থাকতে সুবিধার জন্য পুনর্নির্মাণ
- বাহ্যিক উন্নতিকরণ

## কিভাবে কর্মসূচীটি সম্পত্তির মালিকদের সহায়তা করে?

সম্পত্তির মালিকদের আর্থিক ও প্রযুক্তিগত সহায়তা প্রদানের মাধ্যমে আমরা সম্পূর্ণ পুনর্বাসন প্রক্রিয়াকে সহজ করি। আমাদের সাহায্য ভবনগুলিকে আর্থিকভাবে পরিচালনাযোগ্য এবং সম্প্রদায়ের মধ্যে আরও আকর্ষণীয় করে তোলে।

## কিভাবে কর্মসূচীটি ভাড়াটেদের সাহায্য করে?

কর্মসূচীটির লক্ষ্য হলো খরচ সাশ্রয়ী রেখে অ্যাপার্টমেন্ট সংস্কারে সম্পত্তির মালিকদের সহায়তা করা। বাজার থেকে নিচু মূল্যের পুনর্বাসন ঋণ অর্থায়ন মালিকদের তাদের খরচ কম রাখতে অনুমোদন দেয়। ভাড়াটেদের কেবল আবাসনের অবস্থাই উন্নত হবেনা বরং তারা ভাড়া দিতেও সক্ষম হবে।

# ওকালতি

## প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য Cambridge কমিশন (CDPD)

### CDPD কি ধরনের সেবা প্রদান করে?

নিরপেক্ষতা দ্বারা অনুপ্রাণিত, CCPD কর্মীরা ব্যক্তি, পরিবার, সরকারী সংস্থা এবং ব্যক্তিগত সংস্থাগুলিকে সহায়তা করে। আমরা তথ্য, সুপারিশ এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান করি। আমরা সকল প্রকার প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি বৈষম্য দূর করার চেষ্টা করি।

CDPD এছাড়াও সুবিধা প্রদান করে:

- Cambridge অস্থায়ী অক্ষমতা পার্কিং অনুমতি
- Cambridge ট্যাক্সি মূল্যছাড় কুপন
- যারা প্রতিবন্ধী বা সংশ্লিষ্ট সমস্যায় ভুগছে তাদের জন্য, আবর্জনা/পুনর্ব্যবহারযোগ্য জিনিস সন্ধ্যা 6:00 টার আগে আনতে হবে এই নিয়মে ছাড় রয়েছে
- CCPD উপদেষ্টা বোর্ডের মাসিক বৈঠক

আরও জানতে 617-349-4692 নম্বরে কল করুন অথবা 51 Inman Street 2য় তলা Cambridge, MA 02139-এ আমাদের অফিসে আসুন।

### আমি আমার অক্ষমতার উপর ভিত্তি করে বৈষম্যের সম্মুখীন হলে আপনি কি আমাকে সাহায্য করতে পারেন?

অক্ষমতার ভিত্তিতে আপনার প্রতি বৈষম্য করা হয়েছে কিনা তা নির্ধারণ করতে আমরা আপনাকে সাহায্য করতে পারি। আমরা অভিযোগ প্রক্রিয়া নিজেরা পরিচালনা করিনা। আমরা আপনাকে একটি অভিযোগ দায়ের করতে এবং পরবর্তী সেরা পদক্ষেপগুলির জন্য সহায়ক কাউকে ঠিক করে দিব।

### CDPD কি আমাকে সহজলভ্য আবাসন খুঁজে পেতে সাহায্য করতে পারে?

CDPD আবাসন পরিষেবা প্রদান করেনা, তবে আমরা আপনাকে অন্যান্য বিভাগ এবং সংস্থার কাছে পাঠাতে পারি যারা আবাসন সহায়তা প্রদান করে।

# অভিবাসী অধিকার ও নাগরিকত্ব কমিশন (CIRC)

## CIRC কি?

Cambridge এর অভিবাসী সম্প্রদায়কে স্বাগত জানাতে, সংযোগ করতে এবং সাহায্য করতে CIRC কাজ করে। CIRC কর্মীরা অভিবাসী বাসিন্দাদের স্থানীয় পরিষেবা এবং সংস্থানগুলিতে প্রবেশ করতে সহায়তা করে:

- আবাসন
- সুবিধা
- ইংরেজি শেখার ক্লাস
- নাগরিকত্ব ক্লাস
- আইনি সেবা

আরও জানতে 617-349-4396 নম্বরে কল করুন বা circ@cambridgema.gov-এ ইমেইল করুন।

## আপনি কি আমাকে একজন অভিবাসন আইনজীবী খুঁজে পেতে বা আমার অভিবাসন আবেদন প্রক্রিয়ার সাথে সাহায্য করতে পারেন?

CIRC, De Novo-এর সাথে একটি মাসিক অনলাইন অভিবাসী আইনী সমাবেশ সমন্বয় করে। আপনি প্রতি মাসের তৃতীয় বুধবারের আগে 617-405-5479 নম্বরে কল করতে পারেন। আপনার নাম এবং যোগাযোগের নাম্বার সহ একটি বার্তা দিয়ে রাখুন। মাসের তৃতীয় সপ্তাহে, কর্মীরা আপনাকে কল করবে এবং একজন উকিলের সাথে যোগাযোগ করাবে। আরও তথ্যের জন্য, দেখুন: https://www.cambridgema.gov/circ

আমরা আপনাকে Greater Boston Area এর অতিরিক্ত সংস্থানগুলির কাছেও হস্তান্তর করতে পারি।

## আপনি কি নতুন আগত অভিবাসীদের জন্য আবাসন পরিষেবা প্রদান করেন?

আমরা আবাসন পরিষেবা প্রদান করিনা, তবে আমরা গ্রাহকদের বহু-সেবা কেন্দ্র (MSC), সম্প্রদায় উন্নয়ন অধিদপ্তর (CDD), এবং Cambridge আবাসন কতৃপক্ষের (CHA) কাছে হস্তান্তর করতে পারি।

আশ্রয়কেন্দ্র এবং অন্যান্য আবাসনের সংস্থানগুলিতে প্রবেশাধিকারের ক্ষেত্রে গৃহহীনতার সম্মুখীন অভিবাসীদের বহু-সেবা কেন্দ্র সহায়তা করে।

## Cambridge ভাড়াটিয়াদের জন্য জোট (ACT)

### Cambridge ভাড়াটেদের জন্য জোট কি?

Cambridge ভাড়াটিয়া জোট হল শহরব্যাপী ভাড়াটেদের সংগঠন। ACT, সরকারী আবাসনের বাসিন্দা এবং ভাউচার ধারকদের উদ্বেগগুলি জানাতে একটি উপায় প্রদান করে। ACT, ভাড়াটিয়াদের তাদের জমিদার এবং Cambridge আবাসন কর্তপক্ষের কাছে ওকালতির সাহায্য করে।

### ACT এর সাথে আমি কিভাবে যোগাযোগ করতে পারি?

617-499-7031 নম্বরে আমাদের কল করুন। আপনার নাম, নম্বর সহ একটি ছোট বার্তা পাঠিয়ে রাখুন। আরও তথ্যের জন্য actcambridge.org দেখুন। আমরা একটি সম্পূর্ণ স্বেচ্ছাসেবী সংগঠন যার কার্যকাল সীমিত।

## Find It Cambridge

### Find It Cambridge কি?

Find It Cambridge হল একটি বিনামূল্যের পরিষেবা এবং ওয়েবসাইট যা আপনাকে ক্যামব্রিজ জুড়ে বিনামূল্যের অনুষ্ঠান, কর্মসূচী এবং অন্যান্য সংস্থানগুলির সাথে সংযুক্ত করতে পারে। সাহায্যের জন্য Find It ম্যানেজারকে জিজ্ঞাসা করুন – কল/বার্তা দিন 617-686-2998 নম্বরে, ইমেইল দিন info@finditcambridge.org তে, অথবা অনলাইনে www.finditcambridge.org-এ যান।

### Find It আলাদাভাবে কী করে?

Find It একমাত্র বিনামূল্যের পরিষেবা যা আপনাকে আপনার পরিবারের জন্য প্রয়োজনীয় যেকোনো কিছু নির্দেশ করতে সাহায্য করতে পারে। বেশিরভাগ ওয়েবসাইটের বিপরীতে, আপনি কল করতে, ইমেইল করতে বা আমাদের একটি লিখিত বার্তা পাঠাতে পারেন – আমরাই আন্তরিক ব্যক্তি যাদের সাথে আপনি সাহায্যের জন্য কথা বলতে পারেন। আমরা কর্মসূচীর সুপারিশ করতে পারি, আপনার প্রশ্নগুলি নিয়ে অনুসন্ধান করতে পারি এবং আপনার চাহিদা পূরণকারী পরিষেবা প্রদানকারীদের সাথে সরাসরি সংযোগ করাতে পারি। আপনি যদি আমাদের সাথে কথা

বলার জন্য একটি সময় নির্ধারণ করেন (আমাদেরকে লিখিত বার্তা দিয়ে সময় নির্ধারণ করুন), তাহলে আমরা এমনকি দোভাষী সহায়তাও পেতে পারি। যখন সাহায্য খুঁজে পাওয়া কঠিন বা বিভ্রান্তিকর মনে হয়, তখন আপনাকে সাহায্য করার জন্য আপনি Find It Cambridge-এর উপর নির্ভর করতে পারেন।

### কেন আমি Google-এর পরিবর্তে Find It Cambridge ব্যবহার করব? Google খুবই সহজ!

একজন প্রকৃত ব্যক্তির সাহায্য পাওয়ার মতো স্পষ্ট কারণগুলো ছাড়াও, Find It ওয়েবসাইটটি আপনাকে সার্চ ইঞ্জিনগুলোর চেয়ে দ্রুত, সহজে এবং আরও নিশ্চিতভাবে সংস্থান প্রবেশাধিকার দেয়। আপনি নির্দিষ্ট বিষয়, কারো বয়স, আশেপাশের কোথায় এটি প্রদান করা হচ্ছে এবং এমনকি আর্থিক সহায়তার বিকল্পগুলি দ্বারা সংস্থানসমূহ অনুসন্ধান করতে পারেন। আপনি যদি নতুন সুযোগগুলি খোঁজা, তুলনা এবং সংযোগ করতে চান তবে www.finditcambridge.org এ যান বা আজই আমাদের সাথে যোগাযোগ করুন এবং আপনার কী প্রয়োজন তা আমাদের জানান।

# মধ্যস্থতা

## সম্প্রদায় বিরোধ নিষ্পত্তি কেন্দ্র

### মধ্যস্থতা কি?

মধ্যস্থতা একটি প্রক্রিয়া, যেখানে দ্বন্দ্বে জড়িত মানুষরা একজন নিরপেক্ষ এবং ন্যায়সঙ্গত তৃতীয় পক্ষের মধ্যস্থতাকারীর সাহায্যে তাদের সমস্যাগুলি আলোচনা করে। মধ্যস্থতা একটি অ-বিচারমূলক, নিরপেক্ষ পদ্ধতি হিসেবে দ্বন্দ্ব পরিচালনায় ন্যায়সঙ্গত বিকল্প প্রদান করে।

মধ্যস্থতা গোপনীয়, স্ব-নির্দেশিত এবং কিছু ক্ষেত্রে আদালতে যাওয়ার বিকল্প হতে পারে। এই প্রক্রিয়াটির লক্ষ্য হলো দুই পক্ষের মধ্যে যোগাযোগ উন্নতি করা এবং প্রতিটি পক্ষকে তাদের চাহিদার কথা বলার ক্ষমতা দেওয়া। মধ্যস্থতাকারীরা সিদ্ধান্ত নেয়না, বা তারা ঠিক করেনা কে সঠিক বা ভুল। পক্ষগুলকে তাদের নিজস্ব সৃজনশীল সমাধানে আসতে উৎসাহিত করা হয়।

### আমি কিভাবে আবাসন মধ্যস্থতা থেকে উপকৃত হতে পারি?

এটা বিনামূল্যের সেবা! পক্ষ গুলি পারস্পরিকভাবে উপকারী উপায়ে ফলাফলের সিদ্ধান্ত নিতে পারে। আপনি যেকোনো পর্যায়ে মধ্যস্থতা করতে পারেন (প্রাক-আদালতে, আদালতে, রায়ের পরে)। আরও ফলপ্রসূ ফলাফলের জন্য মধ্যস্থতা প্রক্রিয়া শুরু হওয়ার আগে আমরা সহায়ক সংস্থান সরবরাহ করি। আরও জানতে 617-876-5376 নম্বরে কল করুন বা communitydispute.org ওয়েবসাইট দেখুন।

### চুক্তিটি কি আদালতে প্রয়োগযোগ্য?

চুক্তিটি আদালতের আদেশ নয়। এটি আদালতে ব্যবহার করা যেতে পারে যদি পক্ষগুলি এটিকে একটি আইনি দলিল করতে আগ্রহী হয়। চুক্তি ভঙ্গ হলে এটি আদালতে ব্যবহার করা যেতে পারে।

## Cambridge ভোক্তা পরিষদ

### Cambridge ভোক্তা পরিষদ কি?

আমরা MA অ্যাটর্নি জেনারেল অফিস (AGO) এর সাথে ভোক্তাদের তথ্য এবং সংস্থান প্রদানের জন্য কাজ করি। আমরা ভোক্তা এবং ব্যবসার মধ্যে বিরোধ সমাধানের জন্যও কাজ করি।

### আপনারা কোন ধরনের বিবাদে সহায়তা করেন?

- গাড়ি মেরামত, বিক্রয়, এবং ইজারা
- ক্রেডিট ও ঋণ সংগ্রহ
- বাড়ির উন্নতি এবং ইউটিলিটি
- প্রতারণা
- বাড়িওয়ালা এবং ভাড়াটে সম্পর্কিত সমস্যা
- খুচরা বিক্রয়
- ভ্রমণ

### আমি কিভাবে একটি অভিযোগ দায়ের করবো?

AGO-এর কাছে আপনার অভিযোগ দায়ের করুন www.mass.gov/ago- এ বা www.cambridgema.gov/consumerscouncil- এ ফর্মটি প্রিন্ট করুন।